রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ১৬, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নং-০৭-আইন/২০২২।**—বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর ধারা ৯৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, কমিশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই প্রবিধানমালা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) **'আইন'** অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন);

(২) **'আবেদনকারী'** অর্থ আইনের ধারা ৩৫ ও ৫৫ এর বিধান অনুসারে লাইসেন্সের এবং, ক্ষেত্রমত, আইনের ধারা ৪০ এর বিধান অনুসারে পারমিটের জন্য আবেদনকারী;

(৩) **'কমিশন'** অর্থ আইনের ধারা ৬ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;

(৪) **'চেয়ারম্যান'** অর্থ কমিশনের চেয়ারম্যান;

(৫) **'টেলিযোগাযোগ'** অর্থ আইনের ধারা ২ এর দফা (১১) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ;


**মূল্য :** টাকা ২৪.০০

(৬) **'তফসিল'** অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;

(৭) **'নির্দেশনা (Guidelines)'** অর্থ আইনের ধারা ৩৪ এর দফা (গ) এর অধীন, সময় সময়, জারীকৃত কোনো নির্দেশনা (Guidelines), যে নামেই অভিহিত হউক;

(৮) **'পারমিট'** অর্থ আইনের ধারা ২ এর দফা (২১) এ সংজ্ঞায়িত পারমিট;

(৯) **'পরিশিষ্ট' বা 'Appendix' বা 'Annexure'** অর্থ নির্দেশনায় (Guidelines) উল্লিখিত 'পরিশিষ্ট' বা 'Appendix' **বা** 'Annexure';

(১০) **'ব্যক্তি'** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৪) এ সংজ্ঞায়িত ব্যক্তি;

(১১) **'রেজিস্টার'** অর্থ কমিশন কর্তৃক সংরক্ষিত লাইসেন্স রেজিস্টার, রেজিস্ট্রেশন সার্টিফিকেট রেজিস্টার এবং পারমিট রেজিস্টার;

(১২) **'লাইসেন্স'** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৯) এ সংজ্ঞায়িত লাইসেন্স; এবং

(১৩) **'সেবা'** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৫) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ সেবা।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **টেলিযোগাযোগ সেবা প্রদান বা সরবরাহের জন্য লাইসেন্স গ্রহণ।**—(১) আইনের ধারা ৩৫ ও ৫৫ এ উল্লিখিত বিধানের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ব্যক্তি কর্তৃক তফসিল-১ ও তফসিল-২ এ বর্ণিত সেবা প্রদান বা সরবরাহের জন্য কমিশনের নিকট হইতে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত সেবাসমূহের মধ্য হইতে কমিশন কর্তৃক নির্ধারিত সেবা প্রদান বা সরবরাহের জন্য এলাকাভিত্তিক লাইসেন্স প্রদান করা যাইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন এলাকার সীমা নির্ধারণ করিয়া সংশ্লিষ্ট সেবার নামসহ উহা কমিশনের ওয়েবসাইটে এবং জাতীয় পর্যায়ের বহুল প্রচারিত দুইটি বাংলা ও দুইটি ইংরেজি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

৪। **টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে লাইসেন্স প্রদান।**—(১) আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৬) এর উদ্দেশ্য পূরণকল্পে তফসিল-১ এ উল্লিখিত কোনো সেবা প্রদান বা সরবরাহের নিমিত্ত লাইসেন্স প্রদানের জন্য কমিশন টেন্ডার বিজ্ঞপ্তি সংক্রান্ত দলিল প্রস্তুত করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কমিশন কর্তৃক প্রস্তুতকৃত টেন্ডার দলিলে নিম্নবর্ণিত বিষয়ের উল্লেখ থাকিবে, যথা :—

(ক) লাইসেন্সের ফরম;

(খ) লাইসেন্সের মেয়াদ;

(গ) নবায়নযোগ্য লাইসেন্সের ক্ষেত্রে নবায়নের পদ্ধতি ও শর্তাবলি;

(ঘ) টেন্ডার দলিলের বিক্রয়মূল্য; এবং

(ঙ) অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলি।

(৩) তফসিল-১ এ বর্ণিত সেবা প্রদান বা সরবরাহের নিমিত্ত কমিশন কর্তৃক টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন আহ্বান করিতে হইবে।

(৪) টেন্ডার বিজ্ঞপ্তিতে অংশগ্রহণের সময়সীমা উল্লেখ করিয়া টেন্ডার বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে এবং জাতীয় পর্যায়ের বহুল প্রচারিত দুইটি বাংলা ও দুইটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

৫। **টেন্ডার উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠন এবং কমিটির কার্যাবলি।**—(১) কমিশন তফসিল-১ এ বর্ণিত সেবা প্রদান বা সরবরাহের নিমিত্ত তফসিল-৩ এ বর্ণিত সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে টেন্ডার উন্মুক্তকরণ ও মূল্যায়ন জন্য টেন্ডার উন্মুক্তকরণ কমিটি এবং টেন্ডার মূল্যায়ন কমিটি গঠন করিবে।

(২) টেন্ডার উন্মুক্তকরণ কমিটি কর্তৃক টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ উন্মুক্তকরণের পর—

(ক) উক্ত কমিটির সদস্যগণ প্রত্যেক আবেদনের প্রথম পৃষ্ঠায় উহা প্রাপ্তির তারিখ স্পষ্টভাবে লিপিবদ্ধ করিয়া অনুস্বাক্ষর করিবেন এবং স্বীয় নাম ও পদবির সিল প্রদান করিবেন;

(খ) উক্ত কমিটি প্রত্যেক আবেদন ও উহার সহিত প্রাপ্ত তথ্য বা কাগজের সংক্ষিপ্ত বিবরণ একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিবার ব্যবস্থা করিবে; এবং

(গ) উক্ত কমিটি টেন্ডার বিজ্ঞপ্তি সংক্রান্ত দলিল উন্মুক্তকরণের তারিখ হইতে ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রত্যেক আবেদন ও তৎসংযুক্ত দলিলপত্রাদি মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ বা হস্তান্তর করিবে।

(৩) টেন্ডার মূল্যায়ন কমিটি তফসিল-৩ এ বর্ণিত সংশ্লিষ্ট আবেদন ও উহার সহিত সংযুক্ত কাগজপত্র প্রাপ্তির তারিখ হইতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সকল আবেদনের মূল্যায়ন সম্পন্ন করিবে এবং প্রতিবেদন আকারে কমিটির পর্যবেক্ষণ ও সুপারিশ লিপিবদ্ধ করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ কারণে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সকল আবেদনের মূল্যায়ন সম্পন্ন করা সম্ভব না হইলে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন শেষ হইবার পূর্বে কমিটির আহবায়ক চেয়ারম্যানের নিকট কারণ উল্লেখপূর্বক সময় বৃদ্ধির আবেদন করিবেন এবং উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান অনধিক ২১ (একুশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৭) অনুসারে আবেদন বিবেচনা করিবার সময় আবেদনকারীর নিকট হইতে কমিশনের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারী লিখিতভাবে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবেন এবং প্রয়োজনে নোটিশ প্রদান করিয়া সংশ্লিষ্ট আবেদনকারীর প্রস্তাবিত স্থাপনা, স্থান ও যন্ত্রপাতি যদি থাকে পরিদর্শন করিতে পারিবেন।

৬। **টেন্ডার বিজ্ঞপ্তির ভিত্তিতে প্রাপ্ত আবেদন বিষয়ক প্রতিবেদন প্রেরণ ও লাইসেন্স ইস্যুকরণ।**—(১) টেন্ডার মূল্যায়ন কমিটির মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর কমিশনের লিগ্যাল ও লাইসেন্সিং বিভাগ অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে উক্ত প্রতিবেদন কমিশনের নিকট বিবেচনার জন্য উপস্থাপন করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন উপস্থাপিত প্রতিবেদন বিবেচনার সুবিধার্থে কমিশন কোনো আবেদনকারীর নিকট হইতে লিখিতভাবে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে এবং প্রয়োজনে নোটিশ প্রদান করিয়া আবেদনকারীর প্রস্তাবিত স্থাপনা, স্থান ও যন্ত্রপাতি যদি থাকে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৩) কমিশন উপ-প্রবিধান (২) এর অধীন প্রাপ্ত তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই এবং পরিদর্শন করিয়া এতদ্‌বিষয়ে আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (২) এর বিধান অনুসরণ করিয়া একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।

(৪) সরকার কমিশনের নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে আবেদনকারীর অনুকূলে লাইসেন্স মঞ্জুর বা নামঞ্জুর করিবার সিদ্ধান্ত কমিশনকে অবহিত করিবে।

(৫) কমিশন আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৮) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদনকারীকে লাইসেন্স মঞ্জুর বা নামঞ্জুরের বিষয়ে উপ-প্রবিধান (৪) এর অধীন প্রাপ্ত সরকারের সিদ্ধান্ত লিখিতভাবে বা অনলাইন পদ্ধতি অনুসরণপূর্বক অবহিত করিবে।

(৬) লাইসেন্স মঞ্জুরের সিদ্ধান্তের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক ফি জমা প্রদান, অঙ্গীকারনামা সম্পাদন ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে কমিশন তফসিল-৬ এ বর্ণিত লাইসেন্সের নমুনা ফরম অনুসারে লাইসেন্স ইস্যু করিবে।

৭। **টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে প্রদত্ত লাইসেন্স নবায়ন।**—তফসিল-১ এ বর্ণিত সেবাসমূহ প্রদান বা সরবরাহের জন্য প্রদত্ত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে প্রবিধান ৪ এর উপ-প্রবিধান (২) এর দফা (গ) এ বর্ণিত নবায়নের পদ্ধতি ও শর্ত অনুসরণ করিয়া উহা নবায়ন করা যাইবে এবং তফসিল-৬ এ বর্ণিত নমুনা ফরম অনুসারে লাইসেন্স ইস্যু করা হইবে।

৮। **উন্মুক্ত আবেদনের ভিত্তিতে লাইসেন্স প্রদান।**—আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৬) এর শর্তাংশের বিধান অনুসারে তফসিল-২ এ বর্ণিত সেবাসমূহ প্রদান বা সরবরাহের নিমিত্ত টেন্ডার বিজ্ঞপ্তি ব্যতিরেকে উন্মুক্ত আবেদনের ভিত্তিতে লাইসেন্স ইস্যু করা যাইবে।

৯। **উন্মুক্ত আবেদন প্রক্রিয়াকরণ, প্রতিবেদন প্রেরণ ও লাইসেন্স ইস্যুকরণ ।**—(১) কমিশন তফসিল-২ এ বর্ণিত সেবাসমূহ প্রদান বা সরবরাহের নিমিত্ত লাইসেন্স প্রদানের জন্য তফসিল-৪ অনুযায়ী আবেদনের ফরম ও শর্তাবলি প্রস্তুত করিয়া উহা স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করিবে যাহা ডাউনলোড করিবার সুযোগ থাকিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত শর্তাবলির মধ্যে আবেদনের সহিত দাখিলযোগ্য ফি এর পরিমাণ ও উহা পরিশোধের পদ্ধতি, লাইসেন্সের মেয়াদ ও লাইসেন্স নবায়ন সংক্রান্ত নিয়মাবলিসহ প্রয়োজনীয় শর্তাদির উল্লেখ থাকিবে।

(৩) উপ-প্রবিধান (১) এ বর্ণিত ফরম অনুসারে লাইসেন্সের জন্য আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে কমিশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত মূল্যায়ন কমিটি উহা যাচাই-বাছাই করিয়া চেয়ারম্যানের বিবেচনার জন্য উপস্থাপন করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ কারণে ৬০ (ষাট) দিনের মধ্যে যাচাই-বাছাই কার্য সম্পন্ন করা সম্ভব না হইলে ৬০ (ষাট) দিন সময় শেষ হইবার পূর্বে কমিশনের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান চেয়ারম্যান সমীপে কারণ উল্লেখপূর্বক সময় বৃদ্ধির আবেদন করিবেন এবং উক্তরূপ আবেদনের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান অনধিক ২১ (একুশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৭) অনুসারে আবেদন যাচাই-বাছাই করিবার সময় আবেদনকারীর নিকট হইতে কমিশনের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারী লিখিতভাবে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে এবং প্রয়োজনে নোটিশ প্রদান করিয়া সংশ্লিষ্ট আবেদনকারীর প্রস্তাবিত স্থাপনা, স্থান ও যন্ত্রপাতি যদি থাকে পরিদর্শন করিতে পারিবেন।

(৫) লাইসেন্সের জন্য তফসিল-৪ এ বর্ণিত সংশ্লিষ্ট প্রত্যেক আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে কমিশন আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (২) এর বিধান অনুসরণ করিয়া একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।

(৬) সরকার কমিশনের নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে আবেদনকারীর অনুকূলে লাইসেন্স মঞ্জুর বা নামঞ্জুর করিবার সিদ্ধান্ত কমিশনকে অবহিত করিবে।

(৭) কমিশন আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৮) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদনকারীকে লাইসেন্স মঞ্জুর বা নামঞ্জুরের বিষয়ে উপ-প্রবিধান (৬) এর অধীন প্রাপ্ত সরকারের সিদ্ধান্ত লিখিতভাবে বা অনলাইন পদ্ধতি অনুসরণপূর্বক অবহিত করিবে।

(৮) লাইসেন্স মঞ্জুরের সিদ্ধান্তের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক ফি জমা প্রদান, অঙ্গীকারনামা সম্পাদন ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে কমিশন তফসিল-৭ এ বর্ণিত লাইসেন্সের নমুনা ফরম অনুসারে লাইসেন্স ইস্যু করিবে।

১০। **উন্মুক্ত আবেদনের ভিত্তিতে প্রদত্ত লাইসেন্স নবায়ন।**—(১) কমিশন হইতে তফসিল-২ এ বর্ণিত সেবাসমূহ প্রদান বা সরবরাহের নিমিত্ত লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান উহার অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ১৮০ (একশত আশি) দিন পূর্বে তফসিল-৪ এ বর্ণিত আবেদন ফরম অনুযায়ী এবং ফিসহ লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে কমিশনের সংশ্লিষ্ট বিভাগ উহা যাচাই-বাছাই করিয়া কমিশনের বিবেচনার জন্য চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ কারণে ৬০ (ষাট) দিনের মধ্যে যাচাই-বাছাই কার্য সম্পন্ন করা সম্ভব না হইলে ৬০ (ষাট) দিন শেষ হইবার পূর্বে কমিশনের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান চেয়ারম্যান সমীপে কারণ উল্লেখপূর্বক সময় বৃদ্ধির আবেদন করিবেন এবং উক্তরূপ আবেদনের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান অনধিক ২১ (একুশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন।

(৩) আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৭) অনুসারে আবেদন যাচাই-বাছাই করিবার সময় আবেদনকারীর নিকট হইতে কমিশনের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারী লিখিতভাবে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবেন এবং প্রয়োজনে নোটিশ প্রদান করিয়া সংশ্লিষ্ট আবেদনকারীর প্রস্তাবিত স্থাপনা, স্থান ও যন্ত্রপাতি যদি থাকে পরিদর্শন করিতে পারিবেন।

(৪) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত লাইসেন্স নবায়নের জন্য প্রত্যেক আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে কমিশন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ইতঃপূর্বে প্রদত্ত সেবার মান ও কার্যক্রম বিবেচনাপূর্বক মতামত ও সুপারিশসহ একটি প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

(৫) সরকার কমিশনের নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে আবেদনকারীর লাইসেন্স নবায়ন করিবার বা না করিবার বিষয়ে কমিশনকে অবহিত করিবে।

(৬) কমিশন আবেদনকারীকে সরকারের সিদ্ধান্ত লিখিতভাবে বা অনলাইন পদ্ধতি অনুসরণপূর্বক অবহিত করিবে।

(৭) লাইসেন্স নবায়ন করিবার সিদ্ধান্তের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক ফি জমা প্রদান, অঙ্গীকারনামা সম্পাদন ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে কমিশন তফসিল-৭ এ বর্ণিত লাইসেন্সের নমুনা ফরম অনুসারে লাইসেন্স নবায়ন করিবে।

১১। **রেজিস্ট্রেশন সার্টিফিকেট।**—(১) টেলিযোগাযোগ সেবা ভিত্তিক নিম্নবর্ণিত সেবার জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু করা যাইবে, যথা :—

(ক) কল সেন্টার;

(খ) টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিস;

(গ) রেডিও ইকুইপমেন্ট ইমপোর্টার অ্যান্ড ভেন্ডর এনলিস্টমেন্ট; এবং

(ঘ) এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য তফসিল-৫ এ বর্ণিত সংশ্লিষ্ট আবেদন করা হইলে নির্দেশনা (Guidelines) অনুসরণপূর্বক উহা যাচাই-বাছাই করিয়া কমিশন কর্তৃক তফসিল-৮ অনুসারে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু করা যাইবে।

১২। **পারমিট।**—(১) কোনো পরিচালনকারী তাহার অনুকূলে লাইসেন্সকৃত টেলিযোগাযোগ ব্যবস্থা বা সেবা প্রদানের কোনো স্থাপনা, যন্ত্রপাতি বা সুবিধা আইনের ধারা ৪০ এর অধীন কমিশন কর্তৃক ইস্যুকৃত পারমিট ব্যতীত ব্যবসায়িক ভিত্তিতে বা ফি বা অন্য কোনো ধরনের মূল্য বা সুবিধা প্রাপ্তির বিনিময়ে ব্যবহারের জন্য অন্য কোনো ব্যক্তিকে অনুমতি বা সুযোগ প্রদান করিবে না।

(২) আইনের ধারা ৪০ এর উদ্দেশ্য পূরণকল্পে, উপ-প্রবিধান (১) এর অধীন পারমিট প্রদানের জন্য আনুষ্ঠানিকভাবে কোনো আবেদন আহ্বান করা হইবে না।

(৩) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, পারমিটের জন্য আবেদন করিবার পদ্ধতি, উক্ত আবেদন প্রক্রিয়া করিবার পদ্ধতি, ফি এর পরিমাণ, ফি পরিশোধ করিবার পদ্ধতি, পারমিটের মেয়াদ, নবায়ন যোগ্যতা ও নবায়নের শর্তাবলি, পারমিটের ফরম এবং অন্যান্য শর্তাবলি সংবলিত পারমিট আবেদন সহায়িকা কমিশন কর্তৃক প্রণীত হইবে যাহা ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে ও ডাউনলোড করিবার সুযোগ থাকিবে।

১৩। **লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেটের অনুলিপি ও প্রতিলিপি।**—(১) আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (৯) এর উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সংশ্লিষ্ট বিভাগের মহা-পরিচালক কমিশন হইতে ইস্যুকৃত প্রতিটি লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মুদ্রিত অনুলিপি কমিশনের কার্যালয়ে সংরক্ষণ নিশ্চিত করিবেন।

(২) কোনো ব্যক্তি যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক কোনো লাইসেন্স, পারমিট বা রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রতিলিপি প্রদানের আবেদন করিলে সংশ্লিষ্ট মহা-পরিচালক উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অনুলিপির ভিত্তিতে প্রতিলিপি প্রস্তুত করিয়া উহাতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর গ্রহণসহ প্রত্যায়িত প্রতিলিপি সরবরাহ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন প্রতিলিপি সরবরাহের জন্য আইনের ধারা ২৪ অনুসারে প্রত্যেক লাইসেন্সের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা, প্রত্যেক পারমিটের ক্ষেত্রে ৫ (পাঁচ) শত টাকা এবং প্রত্যেক রেজিস্ট্রেশন সার্টিফিকেটের ক্ষেত্রে ৫ (পাঁচ) শত টাকা ফি আদায় করা যাইবে।

১৪। **লাইসেন্স, পারমিট বা রেজিস্ট্রেশন সার্টিফিকেট যাচাই।**—(১) কোনো ব্যক্তি কোনো লাইসেন্স, পারমিট বা রেজিস্ট্রেশন সার্টিফিকেট যাচাই করিতে চাহিলে কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উহার যথার্থতার বিষয়ে একটি পত্র ইস্যু করিবেন।

(২) উপ-প্রধান (১) এর অধীন পত্র ইস্যু করিবার জন্য আইনের ধারা ২৪ অনুসারে প্রত্যেক লাইসেন্সের ক্ষেত্রে ৫ (পাঁচ) শত টাকা, প্রত্যেক পারমিটের ক্ষেত্রে ১ (এক) শত টাকা এবং প্রত্যেক রেজিস্ট্রেশন সার্টিফিকেটের ক্ষেত্রে ১ (এক) শত টাকা ফি আদায় করা যাইবে।

১৫। **রেজিস্টার।**—(১) কমিশন কর্তৃক ইস্যুকৃত প্রত্যেক লাইসেন্সের বিবরণ তফসিল-৯ অনুসারে প্রত্যেক রেজিস্ট্রেশন সার্টিফিকেটের বিবরণ তফসিল-১০ অনুসারে এবং প্রত্যেক পারমিটের বিবরণ তফসিল-১১ অনুসারে রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত রেজিস্টার উন্মুক্তের তারিখ হইতে অন্যূন ১৫ (পনেরো) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

(৩) প্রত্যেক সেবার জন্য তফসিল অনুসারে পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(৪) প্রত্যেক রেজিস্টার উন্মুক্তকরণের তারিখে পৃষ্ঠাঙ্কন করিয়া প্রথম কভারের ও শেষ কভারের ভিতরের পৃষ্ঠা উন্মুক্তের তারিখ ও মোট পৃষ্ঠা সংখ্যা সংক্রান্ত প্রত্যয়ন লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষর এবং নাম ও পদবি সংবলিত সিল প্রদান করিবেন।

(৫) রেজিস্টারে প্রত্যেক লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা পারমিটের বিবরণ লিপিবদ্ধ করিবার জন্য কমপক্ষে ৪ (চার) পৃষ্ঠা বরাদ্দ রাখিতে হইবে এবং বিবরণ লিপিবদ্ধ করা শেষ হইলে সংশ্লিষ্ট লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা পারমিটের পরবর্তী বিবরণ প্রাপ্তির সূত্র লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন ই-রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ করিতে পারিবে।

১৬। **ওয়েবসাইটে তথ্য প্রকাশ।**—লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং পারমিট প্রদান সম্পর্কিত হালনাগাদ তথ্য জনসাধারণকে সম্যকভাবে অবহিত করিবার লক্ষ্যে কমিশন উহার ওয়েবসাইটে সকল লাইসেন্স, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং পারমিট প্রাপ্ত ব্যক্তির তথ্য প্রকাশ করিবে।

১৭। **বিদ্যমান লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট সম্পর্কিত বিশেষ বিধান।**—(১) Bangladesh Telecommunication Regulatory Commission (Licencing Procedure) Regulations, 2004 এর অধীন—

(ক) যে শর্তে লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট, যে নামেই অভিহিত হউক, প্রদান করা হইয়াছিল সেই একই শর্তে কার্যকর থাকিবে;

(খ) যে মেয়াদের জন্য লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করা হইয়াছিল সেই একই মেয়াদে কার্যকর থাকিবে; এবং

(গ) প্রদত্ত লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণের পর এই প্রবিধানমালা অনুসারে নূতন লাইসেন্স, পারমিট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণ বা, প্রযোজ্য ক্ষেত্রে, নবায়ন করিতে হইবে।

১৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক ১ জানুয়ারি, ২০০৪ তারিখের স্মারক No. BTRC/Regulation/2004-115 এর দ্বারা জারীকৃত Bangladesh Telecommunication Regulatory Commission (Licencing Procedure) Regulations, 2004, অতঃপর উক্ত Regulations বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও—

(ক) উক্ত Regulations এর অধীন কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই প্রবিধানমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) উক্ত Regulations এর অধীন দায়েরকৃত কোনো মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে, যতদূর সম্ভব, এই প্রবিধানমালার সংশ্লিষ্ট বিধানের অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
**[প্রবিধান ৩(১), ৪(১), ৪(৩), ৫(১) ও ৭ দ্রষ্টব্য]**
**টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে প্রদানযোগ্য সেবা**

১। পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক সেবা;

২। সেলুলার মোবাইল টেলিযোগাযোগ সেবা;

৩। মোবাইল নম্বর পোর্টাবিলিটি সেবা;

৪। টাওয়ার শেয়ারিং লাইসেন্স সেবা;

৫। সাবমেরিন ক্যাবল সেবা;

৬। ইন্টারন্যাশনাল টেরিসট্রিয়াল ক্যাবল সেবা;

৭। স্যাটেলাইট সেবা;

৮। ইন্টারন্যাশনাল গেইটওয়ে সেবা;

৯। ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেইটওয়ে সেবা;

১০। ইন্টারকানেকশন এক্সচেঞ্জ সেবা;

১১। ব্রডব্যান্ড ওয়ারলেস অ্যাক্সেস সেবা; এবং

১২। ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল সেবা।

**তফসিল-২**

**[প্রবিধান ৩(১), ৮, ৯(১) ও ১০(১) দ্রষ্টব্য]**
**উন্মুক্ত আবেদনের ভিত্তিতে প্রদানযোগ্য সেবা**

১। ইন্টারনেট সেবা;

২। ভিস্যাট সেবা;

৩। রেডিও কমিউনিকেশন্স সেবা;

৪। অ্যামেচার রেডিও সেবা;

৫। ইন্টারনেট প্রটোকল টেলিফোনি সেবা;

৬। টেবিলকমিউনিকেশন ট্রান্সমিশন সেবা;

৭। ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ সেবা; এবং

৮। যানবাহন ট্র্যাকিং সেবা।

**তফসিল-৩**
**[ প্রবিধান ৫(১) ও ৫(৩) দ্রষ্টব্য ]**

**টেন্ডার বিজ্ঞপ্তির ভিত্তিতে লাইসেন্স এবং লাইসেন্স নবায়নের জন্য আবেদন ফরম**

| ক্রমিক নম্বর | সেবার নাম | প্রযোজ্য আবেদন ফরম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক সেবা | (ক) Regulatory and Licencing Guidelines for PSTN Generic form of PSTN Licence Application Information and Prescribed Licence Application Form, 2004 এর APPENDIX-5 অনুসারে<br>(খ) Regulatory and Licencing Guidelines for Invitation of Proposals/Offers for Issuing Zonal Licence to Private Operator for Establishing, Operating and Maintaining PSTN Services in Central Zone, Bangladesh এর APPENDIX-5 অনুসারে |
| ২। | সেলুলার মোবাইল টেলিযোগাযোগ সেবা | (ক) Regulatory and Licensing Guidelines for Renewal of Cellular Mobile Phone Operator License for Establishing, Operating and Maintaining Cellular Mobile Phone Systems and Services in Bangladesh এর APPENDIX-1 অনুসারে<br>(খ) Regulatory and Licensing Guidelines for Invitation of Proposals/Offers for Issuing Licence for Establishing, Operating and Maintaining 3G Cellular Mobile Phone Services in Bangladesh এর APPENDIX-1 অনুসারে<br>(গ) Regulatory and Licensing Guidelines for Invitation of Proposals/Offers for Issuing License for Establishing, Operating and Maintaining 4G/LTE Cellular Mobile Phone Services in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |
| ৩। | মোবাইল নম্বর পোর্ট্যাবিলিটি সেবা | Regulatory and Licensing Guidelines for Mobile Number Portability Services in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |
| ৪। | টাওয়ার শেয়ারিং লাইসেন্স সেবা | Regulatory and Licensing Guidelines for Issuing License for Tower Sharing in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৫। | সাবমেরিন ক্যাবল সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License to Build, Operate and Maintain Submarine Cable Systems and Services in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |
| ৬। | ইন্টারন্যাশনাল টেরিসট্রিয়াল ক্যাবল সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License to Build, Operate and Maintain International Terrestrial Cable (ITC) Systems and Services in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |
| ৭। | স্যাটেলাইট সেবা | Regulatory and Licensing Guidelines for Satellite Operator in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |
| ৮। | ইন্টারন্যাশনাল গেইটওয়ে সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License for Establishing, Operating and Maintaining International Gateway (IGW) Services in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |
| ৯। | ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেইটওয়ে সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License for Establishing, Operating and Maintaining International Internet Gateway (IIG) Services in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |
| ১০। | ইন্টারকানেকশন এক্সচেঞ্জ সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License for Interconnection Exchange (ICX) Services Establishing, Operating and Maintaining in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |
| ১১। | ব্রডব্যান্ড ওয়ারলেস অ্যাক্সেস সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Proposals/Offers for Issuing License for Establishing, Operating and Maintaining Broadband Wireless Access Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ১২। | ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল সেবা | Regulatory and Licensing Guidelines for Issuing License to VoIP Service Provider (VSP) in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |

**তফসিল-৪**

**[ প্রবিধান ৯(১), ৯(৫) ও ১০(১) দ্রষ্টব্য ]**

**লাইসেন্সের উন্মুক্ত আবেদন এবং নবায়নের জন্য আবেদনের ফরম**

| ক্রমিক নম্বর | সেবার নাম | প্রযোজ্য আবেদন ফরম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ইন্টারনেট সেবা | Regulatory and Licencing Guidelines for Internet Service Provider (ISP) in Bangladesh এর APPENDIX-3 অনুসারে |
| ২। | ভিস্যাট সেবা | Regulatory and Licencing Guidelines for VSAT Hub Operator and VSAT User এর APPENDIX-5 অনুসারে |
| ৩। | রেডিও কমিউনিকেশন্স সেবা | Application Form for License of Radio Communication Apparatus (Radio Frequency Form) (http://www.btrc.gov.bd/forms-and-guidelines-old-page) অনুসারে |
| ৪। | অ্যামেচার রেডিও সেবা | Amended Instructions for Amateur Radio Usages and Procedures in Bangladesh এর ANNEXURE-1, ANNEXURE-III ও ANNEXURE-IV অনুসারে |
| ৫। | ইন্টারনেট প্রটোকল টেলিফোনি সেবা | Amended Regulatory and Licensing Guidelines for Internet Protocol Telephony Service Provider License এর APPENDIX-6 অনুসারে |
| ৬। | টেলিকমিউনিকেশন ট্রান্সমিশন সেবা | Regulatory and Licensing Guidelines for Nationwide Telecommunication Transmission Network এর APPENDIX-4 অনুসারে |
| ৭। | ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ সেবা | Regulatory and Licensing Guidelines for Issuing License to National Internet Exchange (NIX) in Bangladesh এর APPENDIX-5 অনুসারে |
| ৮। | যানবাহন ট্র্যাকিং সেবা | Regulatory and Licensing Guidelines (Amended) for Issuing License for Establishing, Operating and Maintaining Vehicle Tracking Service in Bangladesh এর APPENDIX-1 অনুসারে |

**তফসিল-৫**

**[ প্রবিধান ১১(২) দ্রষ্টব্য ]**

**রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য আবেদন ফরম**

| ক্রমিক নম্বর | টেলিযোগযোগ সেবাভিত্তিক সেবার নাম | প্রযোজ্য আবেদন ফরম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কল সেন্টার | Instructions for Issuance of Registration Certificate for the Operation of BPO/Call Center (International and Domestic) এর CC1 Form (http://www.btrc.gov.bd/forms-and-guidelines-old-page) অনুসারে |
| ২। | টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিস | Regulatory Guidelines for Issuance of Registration Certificate for Providing Telecommunication Value Added Services (TVAS) In Bangladesh এর APPENDIX-1 অনুসারে |
| ৩। | রেডিও ইকুইপমেন্ট ইমপোর্টার অ্যান্ড ভেন্ডর এনলিস্টমেন্ট-<br>(ক) রেডিও ইকুইপমেন্ট ইমপোর্টার অ্যান্ড ভেন্ডর<br>(খ) মোবাইল ফোন হ্যান্ডসেট ম্যানুফ্যাকচারার<br>(গ) আইওটি<br>(ঘ) আইএসএম | Radio Equipment Importer and Vendor Enlistment Directive (Guidelines) (http://www.btrc.gov.bd/vendor ও http://www.btrc.gov.bd/directives) অনুসারে |
| ৪। | এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস | এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের (এসএমএস এগ্রিগেটর) তালিকাভুক্তির নির্দেশিকা এর পরিশিষ্ট-ক অনুসারে। |

**তফসিল -৬**
**[প্রবিধান ৬(৬) ও ৭ দ্রষ্টব্য]**
**টেন্ডার বিজ্ঞপ্তির ভিত্তিতে প্রদত্ত লাইসেন্স এবং লাইসেন্স নবায়নের নমুনা ফরম**

| ক্রমিক নম্বর | সেবার নাম | প্রযোজ্য লাইসেন্সের নমুনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক সেবা | (ক) Regulatory and Licencing Guidelines for PSTN Generic Form of PSTN Licence Application Information and Prescribed Licence Application Form, 2004 এর APPENDIX-3 অনুসারে<br>(খ) Regulatory and Licencing Guidelines for invitation of Proposals/Offers for Issuing Zonal Licence to Private Operator for Establishing, Operating and Maintaining PSTN Services in Central Zone, Bangladesh এর APPENDIX-3 অনুসারে |
| ২। | সেলুলার মোবাইল টেলিযোগাযোগ সেবা | (ক) Regulatory and Licensing Guidelines for Renewal of Cellular Mobile Phone Operator License for Establishing, Operating and Maintaining Cellular Mobile Phone Systems and Services in Bangladesh এর APPENDIX-3 অনুসারে<br>(খ) Regulatory and Licensing Guidelines for invitation of Proposals/Offers for Issuing License for Establishing, Operating and Maintaining 3G Cellular Mobile Phone Services in Bangladesh এর APPENDIX-5 অনুসারে<br>(গ) Regulatory and Licensing Guidelines for invitation of Proposals/Offers for Issuing License for Establishing, Operating and Maintaining 4G/LTE Cellular Mobile Phone Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ৩। | মোবাইল নম্বর পোর্ট্যাবিলিটি সেবা | Regulatory and Licensing Guidelines for Mobile Number Portability Services in Bangladesh এর APPENDIX-6 অনুসারে |
| ৪। | টাওয়ার শেয়ারিং লাইসেন্স সেবা | Regulatory and Licensing Guidelines for issuing License for Tower Sharing in Bangladesh এর APPENDIX-6 অনুসারে |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৫। | সাবমেরিন ক্যাবল সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License to Build, Operate and Maintain Submarine Cable Systems and Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ৬। | ইন্টারন্যাশনাল টেরিসট্রিয়াল ক্যাবল সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers/Proposals for Issuing License to Build, Operate and Maintain International Terrestrial Cable (ITC) Systems and Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ৭। | স্যাটেলাইট সেবা | Regulatory and Licensing Guidelines for Satellite Operator in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ৮। | ইন্টারন্যাশনাল গেইটওয়ে সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers /Proposals for Issuing License for Establishing, Operating and Maintaining International Gateway (IGW) Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ৯। | ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেইটওয়ে সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers /Proposals for Issuing License for Establishing, Operating and Maintaining International Internet Gateway (IIG) Services in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ১০। | ইন্টারকানেকশন এক্সচেঞ্জ সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Offers /Proposals for Issuing License for Interconnection Exchange (ICX) Services Establishing, Operating and Maintaining in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |
| ১১। | ব্রডব্যান্ড ওয়ারলেস অ্যাক্সেস সেবা | Regulatory and Licensing Guidelines for Invitation of Proposals/ Offers for Issuing License for Establishing, Operating and Maintaining Broadband Wireless Access Services in Bangladesh এর APPENDIX-7 অনুসারে |
| ১২। | ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল সেবা | Regulatory and Licensing Guidelines for issuing License to VoIP Service Provider (VSP) in Bangladesh এর APPENDIX-4 অনুসারে |

**তফসিল-৭**

**[প্রবিধান ৯(৮) ও ১০(৭) দ্রষ্টব্য]**

**উন্মুক্ত আবেদনের ভিত্তিতে প্রদত্ত লাইসেন্স এবং লাইসেন্স নবায়নের নমুনা ফরম**

| ক্রমিক নম্বর | সেবার নাম | প্রযোজ্য লাইসেন্সের নমুনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ইন্টারনেট সেবা | Regulatory and Licensing Guidelines for Internet Service Provider (ISP) in Bangladesh এর APPENDIX-6 অনুসারে |
| ২। | ভিস্যাট সেবা | Regulatory and Licensing Guidelines for VSAT Hub Operator and VAST User এর APPENDIX-15 এবং APPENDIX-16 অনুসারে |
| ৩। | রেডিও কমিউনিকেশন সেবা | Application for License of Radio Equipment Apparatus Form (http://www.btrc.gov.bd/forms-and-guidelines-old-page) অনুসারে |
| ৪। | অ্যামেচার রেডিও সেবা | Amended Instructions for Amateru Radio Uasages and Procedures in Bangladesh এর ANNEXURE-II অনুসারে |
| ৫। | ইন্টারনেট প্রটোকল টেলিফোনি সেবা | Amended Regulatory and Licensing Guidelines for Internet Protocol Telephony Service Provider License অনুসারে |
| ৬। | টেলিকমিউনিকেশন ট্রান্সমিশন সেবা | Regulatory and Licensing Guidelines for Nationwide Telecommunication Transmission Network অনুসারে |
| ৭। | ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ সেবা | Regulatory and Licensing Guidelines for Issuing License to National Internet Exchange (NIX) in Bangladesh এর APPENDIX-8 অনুসারে |
| ৮। | যানবাহন ট্র্যাকিং সেবা | Regulatory and Licensing Guidelines (Amended) for Issuing License for Establishing, Operating and Maintaining Vehicle Tracking Service in Bangladesh এর APPENDIX-2 অনুসারে |

**তফসিল-৮**

**[প্রবিধান ১১(২) দ্রষ্টব্য]**

**রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নমুনা**

| ক্রমিক নম্বর | টেলিযোগাযোগ সেবা ভিত্তিক সেবার নাম | প্রযোজ্য রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নমুনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কল সেন্টার | Instruction for Issuance of Registration Certificate for the Operation of BPO/Call Center (International and Domestic) এর APPENDIX-1 অনুসারে |
| ২। | টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিস | Regulatory Guidelines for Issuance of Registration Certificate for Providing Telecommunication Value Added Services (TVAS) In Bangladesh এর APPENDIX-3 অনুসারে |
| ৩। | রেডিও ইকুইপমেন্ট ইমপোর্টার অ্যান্ড ভেন্ডর এনলিস্টমেন্ট— (ক) রেডিও ইকুইপমেন্ট ইমপোর্টার অ্যান্ড ভেন্ডর (খ) মোবাইল ফোন হ্যান্ডসেট ম্যানুফ্যাকচারার (গ) আইওটি (ঘ) আইএসএম | Radio Equipment Importer and Vendor Enlistment Certificate (http://www.btrc.gov.bd/forms-and-guidelines-old-page) অনুসারে |
| ৪। | এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস | এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের (এসএমএস এগ্রিগেটর) তালিকাভুক্তির নির্দেশিকা এর পরিশিষ্ট-গ অনুসারে |

**তফশিল-৯**

**[প্রবিধান ১৫(১) দ্রষ্টব্য]**

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**লাইসেন্স রেজিস্টার**

**(সেবার নাম.............)**

| ক্রমিক নম্বর | আবেদন দাখিলের তারিখ | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | ফোন/ ফ্যাক্স/ই-মেইল/ ওয়েবসাইট | কমিশন সভায় অনুমোদনের তারিখ | অনুমোদন বা বাতিলের তারিখ | লাইসেন্সের মেয়াদ ও এলাকার বিবরণ | লাইসেন্স গ্রহণের তারিখ ও স্বাক্ষর | লাইসেন্স নবায়নের তারিখ ও পর্যায়কাল | গৃহীত আইনানুগ ব্যবস্থার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |

**তফসিল-১০**

**[প্রবিধান ১৫(১) দ্রষ্টব্য]**

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**রেজিস্ট্রেশন সার্টিফিকেট রেজিস্টার**

**(সেবার নাম.............)**

| ক্রমিক নম্বর | আবেদন দাখিলের তারিখ | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | ফোন/ ফ্যাক্স/ ই-মেইল/ ওয়েবসাইট | কমিশন সভায় অনুমোদনের তারিখ | অনুমোদন বা বাতিলের তারিখ | রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মেয়াদ ও এলাকার বিবরণ | রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণের তারিখ ও স্বাক্ষর | রেজিস্ট্রেশন সার্টিফিকেট নবায়নের তারিখ ও পর্যায়কাল | গৃহীত আইনানুগ ব্যবস্থার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |

**তফসিল-১১**

**[প্রবিধান ১৫(১) দ্রষ্টব্য]**

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**পারমিট রেজিস্টার**

**(সেবার নাম.............)**

| ক্রমিক নম্বর | আবেদন দাখিলের তারিখ | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | ফোন/ ফ্যাক্স/ ই-মেইল/ ওয়েবসাইট | কমিশন সভায় অনুমোদনের তারিখ | অনুমোদন বা বাতিলের তারিখ | পারমিটের মেয়াদ ও এলাকার বিবরণ | পারমিট গ্রহণের তারিখ ও স্বাক্ষর | পারমিট নবায়নের তারিখ ও পর্যায়কাল | গৃহীত আইনানুগ ব্যবস্থার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |

কমিশনের আদেশক্রমে

**আশীষ কুমার কুন্ডু**
মহাপরিচালক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd